


স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.১৫৪.১৪.৫৪৪

তারিখঃ ২৭/১২/২০১৮খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা কারিগরি শিক্ষা অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীর মাঝে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণের লক্ষ্যে আগামী ০১ জানুয়ারি, ২০১৯ তারিখ মঙ্গলবার দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'পাঠ্যপুস্তক উৎসব দিবস' উদযাপিত হবে। মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক বিতরণের জাতীয় পর্যায়ের অনুষ্ঠানটি আগামী ০১ জানুয়ারি, ২০১৯ তারিখ সকাল ০৯:০০ টায় ঢাকাস্থ আজিমপুর গভর্ণমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী উপস্থিত থেকে জাতীয় পর্যায়ের এ অনুষ্ঠানের কার্যক্রম পরিচালনা ও বই বিতরণ করবেন।

এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠানে অত্র অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো

  
(মোঃ সামসাদ খলিল)

সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ (জৈষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- ১। পরিচালক(প্রশাসন/পিআইডব্লিউ/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/ডোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, স্কিলস এন্ড ট্রেনিং এ্যান্ড হেসমেন্ট প্রজেক্ট/১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প/বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প/অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের অবকাঠামো উন্নয়ন প্রকল্প/সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ বিভাগে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৩। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা,(নিরাপত্তা/আইসিটি/ট্রেনিং/লাইব্রেরী/আইন/স্টোর), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

তীর দপ্তর/শাখা/সেল এ কর্মরত কর্মকর্তাগণের উপরোক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।